দৈনিক ইত্তেফাক

তারিখ 28 APR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# ক্যাম্পাস পরিস্থিতি থমথমে

ইত্তেফাক রিপোর্ট ।। গতকালও (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের (না-শ) বিবদমান দুই গ্রুপের মধ্যে গোলা-গুলী হয়। কেহ হতাহত হয় নাই। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাস পরিস্থিতি

(১ম পৃঃ পর)

পুলিশ দুইরাউণ্ড কাঁদানেগ্যাস নিক্ষেপ করে। জানা যায়, রাত সাড়ে ৮ টায় ঘটনার সূত্রপাত। এক গ্রুপ মোহসীন হল এলাকা হইতে অপর গ্রুপ সূর্যসেন হল এলাকা হইতে গুলী-বর্ষণ করে। প্রায় ৩০ মিনিট গোলাগুলী অব্যাহত থাকে। কখনও থামিয়া থামিয়া কখনও উপর্যুপরি গুলী বর্ষিত হয়। এই সময় ক্যাম্পাসে ছাত্রদের মধ্যে আতংক দেখা দেয়। এক পর্যায়ে পুলিশ ঘটনাস্থলের দিকে আগাইতে শুরু করিলে পরিস্থিতি শান্ত হয়। রাতে ক্যাম্পাস হইতে একজন শিক্ষক জানান, পরিস্থিতি বিস্ফোরণোম্মুখ। যে-কোন মুহূর্তে অঘটন ঘটিতে পারে। ছাত্রলীগের (না-শ) একজন কেন্দ্রীয় নেতা জানান, কোন সন্ত্রাসী ছাত্র সংগঠনের কর্মী হইতে পারে না। গত ২ দিনের ঘটনায় উভয়পক্ষের দোষী-দের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে।